

## সরকার এইচএসসি পর্যন্ত মেয়েদের বিনা বেতনে পড়ার সুযোগ করে দিয়েছে

—খুরশীদ জাহানু হক

দিনাজপুর অক্সিঃ দেশে শিক্ষার মান উন্নত করার জন্য নকলের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করা হয়েছে। প্রধানমন্ত্রী খালেদা জিয়ার প্রত্যক্ষ উদ্যোগে নারী শিক্ষার উন্নয়নে প্রাথমিক পর্যায়ে বৃত্তি প্রদানসহ এইচএসসি পর্যন্ত মেয়েদের বিনা বেতনে পড়াশুনার সুযোগ করে দিয়েছেন। মহিলা ও শিশুবিষয়কমন্ত্রী খুরশীদ জাহানু হক গতকাল দিনাজপুর সরকারী মহিলা কলেজে বোর্ডে মেধা তালিকাপ্রাপ্ত কৃতী ছাত্রীদের সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উল্লেখিত বক্তব্য রাখেন।

তিনি বলেন, ছাত্রীদের জন্য প্রায় ৫৭ লাখ টাকা ব্যয়ে একটি ছাত্রী নিবাস তৈরী করা হবে বলে। বর্তমান বিএনপি সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। তিনি এবার ফলাফল বিপর্যয়ের মধ্যেও দিনাজপুর সরকারী মহিলা কলেজের ছাত্রীদের অসাধারণ ফলাফলের প্রশংসা করেন। উল্লেখ্য, এবার রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ১৫ ও ১০তম স্থান অধিকার করার পাশাপাশি এই কলেজ থেকে বিজ্ঞান বিভাগে প্রায় ৫৪ এবং মানবিক বিভাগে ১৭ জন ছাত্রী ১ম বিভাগে পাস করেছে। কলেজের পাসের হার প্রায় ৫১ ভাগ বলে জানা গেছে।